300

ভোরের কাগজ

তারিখ AUG. 21 1999
পৃষ্ঠা 2 কলাম 6

## ছাত্রলীগের রা.বি কমিটি গঠন করা না হলে একযোগে পদত্যাগের সিদ্ধান্ত

রাজশাহী প্রতিনিধি : বাংলাদেশ ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার ৪১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠনের দাবিতে ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৪টি হল শাখার নেতৃবৃন্দ কঠোর কর্মসূচি নিতে যাচ্ছে। আগামী ২৫ আগস্টের মধ্যে পূর্ণাঙ্গ কমিটির ঘোষণা দেওয়া না হলে ২৬ আগস্ট ১৪টি হলের সকল ছাত্রলীগ নেতাকর্মী একযোগে পদত্যাগ করবে।

রাজশাহী প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইতিমধ্যে নেতৃবৃন্দ সিদ্ধান্ত ঘোষণা করেছেন এবং সিদ্ধান্ত বাস্তবায়নের প্রস্তুতি নিচ্ছেন।